# খবরের কাগজ / সংবাদপত্র

সংবাদ পত্র আমাদের জীবনের একটি গুরুত্বপূর্ণ অংশ। বিভিন্ন বিষয়ের আলোচনা ও খবর এতে প্রকাশিত হয়। খবরের কাগজে রাজনীতি, খেলাধুলা এবং বিনোদনের বিষয়ে লেখা থাকে। ছাত্র ছাত্রীদের জন্য জ্ঞানের উৎস হল এই সংবাদপত্র। সংবাদপত্র প্রতিদিন পাঠ করা একটি ভালো অভ্যাসরোজ সকালে ঘরে ঘরে কাগজওয়ালা খবরের কাগজ দিয়ে যায় দরজার ফাঁক দিয়ে বা জানালার ফাঁক দিয়ে,এর মাধ্যমেই আমরা তথ্যের সঙ্গে আপডেট থাকতে পারি।খবরের কাগজ সমাজের একটি আয়না। কয়েক পাতা জুড়ে থাকে সারা পৃথিবী। কী নেই এই কাগজে!কত বিজ্ঞাপন,  দেশ-বিদেশের কত খবর, কত ছবি শুধু পাতা জুড়ে। তাই আমাদের প্রাত্যহিক জীবনে খবরের কাগজের গুরুত্ব অপরিসীম।